

**স্বাউট আন্দোলন বেগবান  
করতে আন্তর্জাতিক সহায়তার  
আহ্বান রাষ্ট্রপতির**

**যাযাবদি রিপোর্ট**

রাষ্ট্রপতি জিক্কুর রহমান স্বাউট ও  
গার্ল গাইডসের সক্রিয় গড়ে তোলার  
মাধ্যমে দেশে স্বাউট আন্দোলনকে  
বেগবান করতে সহায়তা দেয়ার জন্য  
আন্তর্জাতিক স্বাউট নেতাদের প্রতি  
আহ্বান জানিয়েছেন।

ওয়ার্ল্ড স্বাউট অর্গানাইজেশন ও  
এশিয়া প্যাসিফিক অঞ্চলের এক  
প্রতিনিধি দল বুধবার বঙ্গভবনে  
রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎকালে জিক্কুর  
রহমান আরো বলেন, আমরা আমাদের  
দেশে সবসময় স্বাউট আন্দোলনকে  
উৎসাহিত করি। কারণ বাংলাদেশ  
হচ্ছে একটি অতি দুর্ভোগগ্রস্ত দেশ।

২৩ দেশের স্বাউট নেতাদের এই  
প্রতিনিধি দলের নেতৃত্ব দেন  
ফিলিপাইনের জইস প্রেসিডেন্ট ও  
এশিয়া-প্যাসিফিক অঞ্চলের স্বাউট  
চেয়ারম্যান জেজোরনার সি বিনে।

বৈঠকে রাষ্ট্রপতি ওয়ার্ল্ড স্বাউট  
অর্গানাইজেশনের নেতাদের গণভবনে  
স্বাগত জানিয়ে দেশব্যাপী স্বাউট  
আন্দোলনের প্রশংসা করেন।

রাষ্ট্রপতি বলেন, দেশে স্বাউট  
আন্দোলনের খুবই প্রয়োজন। যেমন  
বাংলাদেশে স্বাউট সদস্যরা দুর্ভিক্ষ,  
জলোচ্ছ্বস ও বন্যাসহ যে কোনো  
প্রাকৃতিক দুর্যোগে মানবিক সেবার  
এগিয়ে আসে।